# ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদের ১৬/০৪/২০২৬ইং তারিখের অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান, ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

স্থানঃ ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ সভা কক্ষ
ঘোড়াঘাট, দিনাজপুর।
তারিখঃ ১৬-০৪-২০২৬ইং
সময়ঃ সকাল ১০:০০ ঘটিকা

**সভায় উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর (স্বাক্ষরের ক্রমানুসারে)**

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব, মোঃ সাজ্জাদ হোসেন | স্বাক্ষরিত/- |
| ০২ | জনাব, মোঃ আব্দুল মালেক মন্ডল | " |
| ০৩ | জনাব, মোঃ ওয়াহেদুজ্জামান | " |
| ০৪ | জনাব, মোঃ সোনা মিয়া মোল্লা | " |
| ০৫ | জনাব, মোঃ গোলাম রব্বানী | " |
| ০৬ | জনাব, মোঃ আজাদুল ইসলাম | " |
| ০৭ | জনাব, মোঃ মঞ্জুর রহমান | " |
| ০৮ | জনাব, মোঃ আতিয়ার রহমান | " |
| ০৯ | জনাব, মোঃ মফিজুল হক | " |
| ১০ | জনাব, মোঃ আয়নুল ইসলাম | " |
| ১১ | জনাব, মোছাঃ মুরশিদা বেগম | " |
| ১২ | জনাব, মোছাঃ রাহেনা বেগম | " |
| ১৩ | জনাব, চন্দনা রানী | " |

আলোচ্য বিষয়ঃ

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ী করন।
২। ইউপি চেয়ারম্যান ও সদস্যদের সম্মানী ভাতা সম্পর্কে আলোচনা।
৩। বসতবাড়ীর কর আদায় সম্পর্কে আলোচনা।
৪। বিবিধ।

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ সাজ্জাদ হোসেন, চেয়ারম্যান ৩নং সিংড়া ইউপি এর সভাপিত্বে সভার কাজ আরম্ভ হয়। স্বাগত বক্তব্যে সভাপতি সাহেব বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন শুনান। উহাতে আর কোন সংযোজন ও বিয়োজন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

২নং আলোচনাকালে সভাপতি সাহেব জানান যে, ২নং আলোচনাকালে সভাপতি সাহেব এর অনুমতিক্রমে ১নং সদস্য জানান যে, তাদের ইউপি অংশে সম্মানী ভাতা ৩ মাসের বকেয়া এবং এপ্রিল/২০২৬ মাসের সহ মোট ৪ মাসের বেতন ভাতা পাওনা রয়েছে, তাদের ইউপি অংশের সম্মানী ভাতা প্রদানের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে বিশদ আলোচনান্তে নিম্ন রূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্তঃ অতপর আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে, যেহেতু চেয়ারম্যান মহোদয় হজ্ব ব্রত পালনের জন্য সৌদি আরব গমন করবেন তাই এপ্রিল/২০২৬ মাসের অগ্রিম সহ মোট ৪ মাসের ইউপি অংশের ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

১৬/০৪/২৬

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

৩নং আলোচনাকালে সভাপতি সাহেব জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে বসতবাড়ীর কর আদায় করা প্রয়োজন। সভাপতির অনুমতিক্রমে ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা জানান যে, ইতি পূর্বে আমাদের ৭, ৮ ও ২নং ওয়ার্ড ব্যতিত অনলাইন জরিপ সম্পন্ন হয়েছে। তাই যে সমস্ত ওয়ার্ডে জরিপ সম্পন্ন হয়েছে সেই সমস্ত ওয়ার্ডে আদায় কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। এ জন্য খন্ডকালীন আদায়কারী নিয়োগ করা যেতে পারে। সেই সাথে সংশ্লিষ্ট ওয়ার্ডের গ্রাম পুলিশগণ আদায়কারীকে সহযোগীতা করবেন। এবং যারা সেবা নিতে আসবেন তাদের কাছ থেকে সেবা গ্রহণের পূর্বে বসতবাড়ী কর আদায় করা প্রয়োজন। এ বিষয়ে বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্তঃ-** অতঃপর আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ২০২৫-২০২৬ অর্থ বছরে খন্ডকালীন আদায়কারী নিয়োগ করে ২০% আদায় কমিশন প্রদান করার জন্য পূর্বের আদায়কারী জনাব মোঃ রোস্তম, পিতা- আকবর আলী, গ্রামঃ মহিতুর, ডাকঃ কাশিড়া, উপজেলাঃ আক্কেলপুর, জেলাঃ জয়পুরহাট কে পুনরায় ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য খন্ডকালীন আদায়কারী হিসাবে নিয়োগের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গ্রহণ করা হয়।

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায়, সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি ১৬/০৪/২৬
(মোঃ সাজ্জাদ হোসেন)
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

স্মারক নং-৪৬.০০.৪৩৭৬.০০০.০২.০১৭.২৬-৪৪

তারিখঃ ১৬/০৪/২০২৬খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-**

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর।
৩। অফিস কপি।

১৬/০৪/২৬
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।